গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(ব্যবসা, বাণিজ্য ও বিনিয়োগ শাখা)
www.rajshahi.gov.bd

স্মারক নং ০৫.৪৩.৮১০০.০২০.০২.০০৪.২৪-১৩৩ তারিখঃ ০১ ভাদ্র ১৪৩৩ বাংলা
১৬ আগস্ট ২০২৬ খ্রি:

## সার ডিলার পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫' (সংশোধিত) এর আলোকে রাজশাহী জেলার নিম্নোক্ত ডিলার ইউনিটের বিপরীতে সার ডিলার নিয়োগের জন্য নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। **যারা ইতিপূর্বে আবেদন করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।**

| ক্রঃ নং | উপজেলা | ইউনিয়ন/পৌরসভা/ সিটি কর্পোরেশন | শূণ্য ডিলার ইউনিট/সার ডিলার এর কার্য এলাকা (..........ওয়ার্ড নং) |
|---|---|---|---|
| ১ | পবা | দর্শনপাড়া | বিল নেপালপাড়া ইউনিট, ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | দামকুড়া | শিতলাই ইউনিট, ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | কাদিপুর ইউনিট, ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | হড়গ্রাম | কাশিয়াডাঙ্গা ইউনিট, ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | খিরসিন ইউনিট, ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| ২ | বাগমারা | তাহেরপুর পৌরসভা | তাহেরপুর পৌরসভা ইউনিট, ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | গোয়ালকান্দি | কনোপাড়া ইউনিট, ১,৪,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | ঝিকরা | মরুগ্রাম ইউনিট, ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | কাচারী কোয়ালিপাড়া | কালিকাপুর ইউনিট, ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | শুভডাঙ্গা | বাইগাছা ইউনিট, ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | গণিপুর | বাগমারা ইউনিট, ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | হামিরকুৎসা | দক্ষিনমাঝগ্রাম ইউনিট, ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | কোনাবাড়িয়া ইউনিট, ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | যোগীপাড়া | বিরকুৎসা ইউনিট, ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | আউচপাড়া | কেন্দা ইউনিট, ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | নরদাশ | গৌড়সার ইউনিট, ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | হাটমাধনগর ইউনিট, ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | বড়বিহানালী | খালিমপুর ইউনিট, ১,২,৭ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | সোনাডাঙ্গা | সোনাডাঙ্গা ইউনিট, ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | জামালপুর ইউনিট, ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | শ্রীপুর | শ্রীপুর ইউনিট, ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | দ্বীপপুর | নানসর ইউনিট, ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | দ্বীপপুর ইউনিট, ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| ৩ | দুর্গাপুর | কিসমতগণকৈড় | কিসমতগণকৈড় ইউনিট, ৩,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | আড়ইল ইউনিট, ৪,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | পানানগর | তেবিলা ইউনিট, ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | ঝালুকা | ঝালুকা ইউনিট, ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| ৪ | গোদাগাড়ী | মাটিকাটা | বিদিরপুর ইউনিট, ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | বাসুদেবপুর | বাসুদেবপুর ইউনিট, ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | চরআষড়িয়াদহ | চরনওশেরা ইউনিট, ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | দিয়ারমানিকচর ইউনিট, ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |

চলমান পাতা

| ক্রঃ নং | উপজেলা | ইউনিয়ন/পৌরসভা/ সিটি কর্পোরেশন | শুন্য ডিলার ইউনিট/সার ডিলার এর কার্য এলাকা (..........ওয়ার্ড নং) |
|---|---|---|---|
| ৫ | বাঘা | বাজুবাঘা | বাজুবাঘা ইউনিট, ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | গড়গড়ি | গড়গড়ি ইউনিট, ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | পাকুড়িয়া | পাকুড়িয়া ইউনিট, ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | জোতকাদিরপুর ইউনিট, ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | মনিগ্রাম | হাসাবপুর ইউনিট, ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | বাউশা | বাউশা ইউনিট, ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | আড়পাড়া ইউনিট, ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | আড়ানী | ঝিনা ইউনিট, ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | বেড়েরবাড়ি ইউনিট, ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | চকরাজাপুর | চকরাজাপুর ইউনিট, ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | চকরাজাপুর ইউনিট, ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | চকরাজাপুর ইউনিট, ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | বাঘা পৌরসভা | বাঘা পৌরসভা ইউনিট ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | আড়ানী পৌরসভা | আড়ানী পৌরসভা ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |

**শর্তাবলী :**

(ক) সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা – ২০২৫ (সংশোধিত) এর পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে।

(খ) আবেদনকারীদের নির্ধারিত শূন্য ডিলার ইউনিটের বিপরীতে ২০২৫ (সংশোধিত) এর নীতিমালায় বর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে হবে।

(গ) **যোগ্যতা:**

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়ন/উপজেলার/পৌরসভা/সিটি কর্পোরেশনের বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসাবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র বা প্রশাসক/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;

২. নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের সংশ্লিস্ট কার্য এলাকায় (ডিলার ইউনিটে) কমপক্ষে ৫০ মে:টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে; তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেষ্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং একইভাবে সারের গুদামে বীজ ও বালাইনাশক সংরক্ষণ করা যাবে না;

৩. বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষনের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উচুঁ ও পাকা থাকতে হবে;

৪. আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসাবে কমপক্ষে ১০.০০ (দশ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;

৫. ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে;

৬. আবেদনকারীর বয়স নুন্যতম ১৮ (আঠারো) বছর হতে হবে;

৭. আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ্ ও চলাচলে সক্ষম হতে হবে; এবং

৮. আবেদনকারীর টিআইএন থাকতে হবে।

(ঘ) **অযোগ্যতা:**

১. ইতঃপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতঃপূর্বে ব্যবসায় অনিয়ম/কোন ফৌজদারি বা অন্য কোন আইনে দন্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দন্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;

২.কোন সরকারী কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে/থাকতে পারবেন না।

৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ থাকলে অপর কেউ আবেদন করতে বা ডিলার থাকতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সংজ্ঞা দেশে বিদ্যমান প্রচলিত আইন দ্বারা নির্ধারিত হবে।

চলমান পাতা

(ঙ) একই সঙ্গে রাজশাহী জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবরে আবেদন ফি বাবদ ২০০০/- (দুই হাজার) এবং আর্নেস্টমানি বাবদ ১০,০০০/-(দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনরূপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেষ্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অনির্বাচিত আবেদনকারীদের আর্নেষ্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা করবেন। নির্বাচিত আবেদনকারীর আর্নেষ্টমানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

(চ) **আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থান:**

(i) **৩১ আগস্ট ২০২৬** খ্রি. তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত;

(ii) **উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহীর** দপ্তরে জমা করতে হবে। কোন কারণ দর্শানো ব্যাতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


(কাজী শহিদুল ইসলাম)
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
এবং
জেলা প্রশাসক, রাজশাহী
ফোন ০২৫৮৮৮৫৭০৫০ (অফিস)
ই-মেইল dcrajshahi@mopa.gov.bd